দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

064

তারিখ 06 NOV 1988
পৃষ্ঠা 3 কলাম 3

# '৯০ সালের মধ্যে ৭০ ভাগ শিশুকে স্কুলে আনা হবে : আনিস

শিক্ষা এবং সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন সরকার দ্বিতীয় প্রাথমিক শিক্ষা প্রকল্পের আওতায় আগামী ৯০ সালের মধ্যে শতকরা সত্তর ভাগ শিশুকে বিদ্যালয়ে নিয়ে আসতে এবং পাঁচ বছর বিদ্যালয়ে ধরে রাখার একটা পরিকল্পনা গ্রহণ করেছে। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী শনিবার ঢাকায় শিক্ষা মন্ত্রণালয় ও ইউনেস্কোর উদ্যোগে আয়োজিত 'প্রতিকূল পরিবেশে বসবাসকারী জনগোষ্ঠীর জন্য সর্বজনীন প্রাথমিক শিক্ষা' শীর্ষক এক কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।